গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫০ তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯
১১ আগস্ট ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**ভারতের ছত্তীসগঢ় ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি পশ্চিম দিকে অগ্রসর ও দুর্বল হয়ে লঘুচাপ আকারে ভারতের ভারতের মধ্যপ্রদেশ ও তসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকার বায়ুচাপ পার্থক্যের আধিক্য বিরাজ করছে। সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।**

**চট্টগ্রাম, বক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর (পুন:) তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।**

**সুস্পষ্ট লঘুচাপ ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০২-০৪ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।**

**উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।**

**২। আজ ১১ আগস্ট, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

যশোর, কুষ্টিয়া, ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে দমকা অথবা ঝড়োহাওয়াসহ অস্থায়ীভাবে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নৌবন্দরসমূহকে ০২ নম্বর (পুনঃ) ০২ নম্বর নৌ হুশিঁয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

এছাড়া ঢাকা, টাঙ্গাইল এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে দমকা অথবা ঝড়োহাওয়াসহ অস্থায়ীভাবে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নৌবন্দরসমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ১১ আগস্ট, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** ভারতের ছত্তীসগঢ় ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি বর্তমানে মধ্যপ্রদেশের মধ্যাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় লঘুচাপ আকারে অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, লঘুচাপের কেন্দ্রস্থল, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে অন্যত্র প্রবলভাবে সক্রিয় রয়েছে।

**পূর্বাভাস:** খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের দক্ষিণাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারি বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** দেশের দক্ষিণাঞ্চলের দিনের দিন ও রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং অন্যত্র তা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.২ | ৩২.৬ | ৩১.৪ | <u>৩৩.৭</u> | ৩৩.০ | ৩৩.৬ | ৩১.৫ | ৩১.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৬ | ২৬.৯ | <u>২৩.৪</u> | ২৫.২ | ২৫.০ | ২৬.০ | ২৫.০ | ২৫.২ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৩.৭$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কুতুবদিয়া ২৩.৪$^{o}$ সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস**

- পদ্মা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ভারতের মধ্যপ্রদেশ এবং সংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপের কারণে আগামী ২৪ ঘন্টায় খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় এলাকায় স্বাভাবিকের চেয়ে ২-৪ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছাসের সম্ভাবনা রয়েছে এবং এই কারণে এই অঞ্চলের অদূরবর্তী দ্বীপ ও চর সমূহের নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।

**৫। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ২৭ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৮০ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০২ | **বিপদসীমার উপরে** | ০০ |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা** | | | ০০ |
| **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | | | ০০ |

**৬। বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১১ আগস্ট, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - | - |

## ৭। বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত): নেই

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| বরগুনা | ৬৯.০ | পটুয়াখালী | ৫২.০ | - | - |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ: নেই

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| - | - | - | - |

## ৮। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৯ আগস্ট, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১০ আগস্ট, ২০২২খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৯ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ৩ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৩ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৬ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৪ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১ | ০ | ০ |
| | মোট | ২৯ | ০ | ০ |


১১-৮-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com



ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়


স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫০/১(১৭২)

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯

১১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল)

৯) জেলা প্রশাসক (সকল)

১০) উপ-পরিচালক (সকল)

১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৩) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা

১৪) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১১-৮-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা